## ই-পাসপোর্ট এর জন্য আবেদন সংক্রান্ত তথ্যঃ

প্রবাসী বাংলাদেশী যাদের জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন জন্মনিবন্ধন সনদ (BRC English Version) রয়েছে তাঁরা ই-পাসপোর্ট এর জন্য আবেদন করতে পারবেন। অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের কম) আবেদনকারী কিংবা যাদের জাতীয় পরিচয়পত্র (NID) নাই, তাদের পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র (NID) এর কপি ও পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র (NID) এর অনলাইন ভেরিফাইড কপি দাখিল করতে হবে।

ই-পাসপোর্ট আবেদন দাখিলের জন্য আবেদনকারীকে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নিয়োগকৃত আউটসোর্সিং কোম্পানি Expat Services (Kuala Lumpur) Sdn. Bhd. (ESKL) এর মাধ্যমে এপয়েন্টমেন্ট নেয়া বাধ্যতামূলক। নিম্নোক্ত উভয় পদ্ধতিতেই এপয়েন্টমেন্ট নেয়া যাবে।

পদ্ধতি-১: ওয়েব লিংকঃ www.expatserviceskl.com
অথবা https://www.expatservicesmy.com/#/book-appointment
পদ্ধতি-২: কল সেন্টার হেল্প লাইন নম্বরঃ 03-92120267

**Expat Services (Kuala Lumpur) Sdn. Bhd.** এর ঠিকানাঃ
Expat Services (Kuala Lumpur) Sdn. Bhd.
Southgate Commercial Centre, Level 2, Block E, No 2,
Jalan Dua Off Jalan Chan Sow Lin-55200,
Wilayah Persekutuan, Kuala Lumpur.

## ই-পাসপোর্ট-এর সরকারী ফিঃ

| ভিসা ক্যাটাগরি | ই-পাসপোর্ট-এর মেয়াদ ও সরকারি ফি | | | ESKL এর সার্ভিস চার্জ | |
|---|---|---|---|---|---|
| সাধারণ শ্রমিক ও ছাত্র-ছাত্রী | ৪৮ পাতা | ৫ বছর | RM ১৬৪.০০ | আবেদন ফরম পূরণ ও ডকুমেন্ট প্রস্তুতকরণ ইন্টারভিউ, বায়ো এনরোলমেন্ট ও স্ক্যানিং পাসপোর্ট ডেলিভারির গ্রহণের অনলাইন এপয়েন্টমেন্ট | RM ৩২.০০ |
| | | ১০ বছর | RM ২৭৩.০০ | | |
| | ৬৪ পাতা | ৫ বছর | RM ৮১৭.০০ | | |
| | | ১০ বছর | RM ৯৫৩.০০ | | |
| অন্যান্য | ৪৮ পাতা | ৫ বছর | RM ৫৪৫.০০ | আবেদন ফরম পূরণ ও ডকুমেন্ট প্রস্তুতকরণ ইন্টারভিউ, বায়ো এনরোলমেন্ট ও স্ক্যানিং পাসপোর্ট ডেলিভারির গ্রহণের অনলাইন এপয়েন্টমেন্ট | RM ৬০.০০ |
| | | ১০ বছর | RM ৬৮১.০০ | | |
| | ৬৪ পাতা | ৫ বছর | RM ৮১৭.০০ | | |
| | | ১০ বছর | RM ৯৫৩.০০ | | |

[ বিঃ দ্রঃ বর্তমানে ই-পাসপোর্ট আবেদনের সরকারী ফি এবং ওয়েজ আর্নার্স কল্যাণ তহবিল বাবদ আদায়কৃত কন্স্যুলার ফি'র উপর ১০% হারে সারচার্জসহ বিদ্যমান মার্কিন ডলার এর সাথে মালয়েশিয়ান রিঙ্গিত (আরএম)-এর এপ্রিল-২০২৪ মাসের বিনিময় হার (১ মা. ড.= আরএম ৪.৯৫) অনুসারে।]

## প্রয়োজনীয় কাগজপত্রঃ

প্রবাসী বাংলাদেশী যাঁদের এমআরপি রয়েছে তাঁরা ই-পাসপোট আবেদনের ক্ষেত্রে নিম্নোক্ত কাগজপত্র প্রস্তুত রাখার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছেঃ-

১। ই-পাসপোর্টের আবেদনপত্র অনলাইনে পূরণ করার ক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পররাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নিয়োগকৃত আউটসোর্সিং কোম্পানি Expat Services (Kuala Lumpur) Sdn. Bhd. (ESKL) এর নির্ধারিত স্থান হতে পূরণ করতে হবে। [আউট সোর্সিং ঠিকানা Expat Services (Kuala Lumpur) Sdn Bhd, Southgate Commercial Centre, Level 2, Block E, No 2, Jalan Dua Off Jalan Chan Sow Lin-55200, Wilayah Persekutuan, Kuala Lumpur]

২। ই-পাসপোর্ট আবেদনের ক্ষেত্রে কোন কাগজপত্র সত্যায়ন করার প্রয়োজন হবে না।

৩। ই-পাসপোর্ট ফরমে কোন ছবি সংযোজন এবং তা সত্যায়নের প্রয়োজন হবে না।

৪। জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন জন্মনিবন্ধন সনদ (BRC English Version) অনুযায়ী আবেদনপত্র পূরণ করতে হবে। জাতীয় পরিচয়পত্র (NID) / জন্মনিবন্ধন সনদ (BRC)-এর অনলাইন ভেরিফাইড কপি দাখিল করতে হবে।

৫। অপ্রাপ্ত বয়স্ক (১৮ বছরের কম) আবেদনকারী যার জাতীয় পরিচয়পত্র (NID) নাই, তার পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র (NID) -এর কপি ও অনলাইন ভেরিফাইড কপি দাখিল করতে হবে।

৬। জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন জন্মনিবন্ধন সনদ (BRC English Version) নিম্নোক্ত বয়স অনুসারে দাখিল করতে হবে-

(ক) ১৮ বছরের নিম্নে হলে অনলাইন জন্মনিবন্ধন সনদ (BRC English Version).

(খ) ১৮-২০ বছর হলে জাতীয় পরিচয়পত্র (NID) অথবা অনলাইন জন্মনিবন্ধন সনদ (BRC English Version).

(গ) ২০ বছরের উর্ধ্বে হলে জাতীয় পরিচয়পত্র (NID) আবশ্যক l তবে বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে আবেদনের ক্ষেত্রে অনলাইন জন্মনিবন্ধন সনদ (BRC English Version) গ্রহণযোগ্য হবে। এক্ষেত্রে পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ও অনলাইন ভেরিফাই কপি দাখিল করতে হবে।

৭। ফরমে তারকা চিহ্নিত ক্রমিক নম্বরগুলো অবশ্যই পূরণীয়।

৮। দত্তক/অভিভাবকত্ব গ্রহণের ক্ষেত্রে পাসপোর্টের আবেদনের সাথে সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে জারিকৃত আদেশ দাখিল করতে হবে।

৯। ১৮ বছরের নিম্নের এবং ৬৫ বছরের উর্ধ্বে সকল আবেদনে ই-পাসপোর্টের মেয়াদ হবে ০৫ বছর এবং ৪৮ পৃষ্ঠার।

১০। প্রাসঙ্গিক টেকনিক্যাল সনদসমূহ (যেমন: ডাক্তার, ইঞ্জিনিয়ার, ড্রাইভার ইত্যাদি) আপলোড/সংযোজন করতে হবে।

১১। প্রযোজ্য ক্ষেত্রে প্রাসঙ্গিক জিও (GO)/এনওসি (NOC)/ প্রত্যয়নপত্র/ অবসরোত্তর ছুটির আদেশ (PRL Order)/ পেনশন বই আপলোড/সংযোজন করতে হবে যা ইস্যুকারী কর্তৃপক্ষের নিজ নিজ Website এ আপলোড থাকতে হবে।

১২। প্রযোজ্য ক্ষেত্রে বিবাহ সনদ/নিকাহনামা এবং বিবাহ বিচ্ছেদের ক্ষেত্রে তালাকনামা দাখিল করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে ম্যারিজ সার্টিফিকেট/ডিভোর্স সার্টিফিকেট (ইংলিশ ভার্সন) আইন মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট বাংলাদেশ দূতাবাস হতে সত্যায়িত হতে হবে।

১৩। স্থায়ী ঠিকানার অনুকূলে নিজ এলাকার কমিশনার/চেয়ারম্যান-এর প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। স্থায়ী ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে নিজ এলাকার কমিশনার/চেয়ারম্যান-এর প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

১৪। কূটনৈতিক পাসপোর্টের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও ওয়েলফেয়ার উইং (Consular and Welfare Wing) অথবা ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রধান কার্যালয় বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে।

১৫। বৈদেশিক মিশন হতে নতুন পাসপোর্টের জন্য আবেদন করা হলে স্থায়ী ঠিকানার কলামে বাংলাদেশের যোগাযোগের ঠিকানা উল্লেখ করতে হবে।

১৬। আবেদনের সময় মূল জাতীয় পরিচয়পত্র (NID), অনলাইন জন্মনিবন্ধন সনদ (BRC English Version) এবং প্রযোজ্য ক্ষেত্রে টেকনিক্যাল সনদ, সরকারি আদেশ (GO)/অনাপত্তি (NOC) প্রদর্শন/দাখিল করতে হবে।

১৭। বৈদেশিক মিশনে পাসপোর্ট রি-ইস্যুর ক্ষেত্রে মূল পাসপোর্ট ও ভিসা প্রদর্শন করতে হবে।

১৮। হারানো পাসপোর্টের ক্ষেত্রে পুলিশ রিপোর্ট করতে হবে এবং আবেদনের সাথে তার কপি প্রদর্শন/দাখিল করতে হবে।

১৯। ০৬ বছর বয়সের নিম্নের আবেদনের ক্ষেত্রে ৩ আর (4R Size) সাইজের (ল্যাব প্রিন্ট গ্রে ব্যাকগ্রউন্ড) ছবি দাখিল করতে হবে।

২০। পাসপোর্ট হারিয়ে গেলে অথবা চুরি হলে দ্রুত নিকটস্থ থানায় পুলিশ রিপোর্ট করতে হবে। পুনরায় পাসপোর্টের জন্য আবেদনের সময় পুরাতন পাসপোর্টের ফটোকপি এবং পুলিশ রিপোর্ট কপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

[তথ্য সূত্রঃ
বহিরাগমন শাখা ১, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, স্মারক নং ৫৮.০০.০০০০.০৪০.০১.০০৩.১৬-১২৩৪,
ওয়েবসাইটঃ https://www.epassport.gov.bd]